রের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ১ ... ৬ ...

NOV ৩০ 2002

# এক টেবিলে সব ছাত্রনেতা!

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ছাত্র সংগঠনগুলোর অভিভাবক রাজনৈতিক দলের নেতানেত্রীরা সর্বশেষ কবে এক টেবিলে বসেছিলেন তা হয়তো অনেক ছাত্রনেতারই স্মরণ নেই। তবে গতকাল বিভিন্ন ছাত্র সংগঠনের নেতারা একটেবিলে বসে খোশ গল্প করে তাদের অভিভাবক রাজনৈতিক নেতানেত্রীদের যেন লজ্জাই দিলেন। গতকাল টিএসসি ক্যাফেটেরিয়ায় এই ব্যতিক্রমী ঘটনা ঘটে। বিভিন্ন সভা-সমাবেশে ছাত্র সংগঠনের নেতারা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কাঁপিয়ে একে অপরের বিরুদ্ধে গালিগালাজ এবং সমালোচনায় মুখর হলেও গতকাল সকল বিভেদ ভুলে তারা জড়ো হন টিএসসি ক্যাফেটেরিয়ায়। ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি আয়োজিত গতকালের ইফতার পার্টিতে আমন্ত্রিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংগঠনের উর্ধ্বতন নেতৃবৃন্দ। ছাত্রলীগ, ছাত্রদল, ছাত্র ইউনিয়ন, ছাত্রমৈত্রী, ছাত্রফ্রন্টের নেতৃবৃন্দ যখন একত্রে এক টেবিলে বসে ইফতার পূর্ববর্তী সময়ে খোশ গল্পে মেতে উঠেছিলেন তখন সেই দৃশ্যকে উপস্থিত সকলেই বিরল দৃশ্য হিসেবে অভিহিত করেন। ছাত্র নেতৃবৃন্দ ছাড়াও ইফতার পার্টিতে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এস এম এ ফায়েজ, রেজিস্ট্রার মুহম্মদ সেলিম, শিক্ষক সমিতির সভাপতি আবুল খায়ের, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক আসাদুজ্জামান প্রমুখ। ইফতার পার্টিতে শিক্ষকদের জন্য ... ছিলেন

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৬

## ক টেবিলে সব ছাত্রনেতা

থম পাতার পর

ছাত্রদল আহবায়ক সাহাবুদ্দীন
টু, যুগ্ম আহবায়ক এ বি এ
শাররফ হোসেন, মনির হোসেন
ত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার
হবায়ক শফিউল বারী বাবু, যুগ
হবায়ক আমীরুল ইসলাম আলীম
সাদ, ছাত্রলীগ সভাপতি লিয়াক
কদার, সহ-সভাপতি রফিকুল ইসলা
াতোয়াল, সাধারণ সম্পাদক নজরু
লাম বাবু, যুগ্ম সম্পাদ
ইফুজ্জামান শিখর, ছাত্রলীগ ঢাব
শ্ববিদ্যালয় শাখার সভাপতি দেলোয়া
াসেন, সাধারণ সম্পাদক হেমায়ে
দীন হিমু, ছাত্র ইউনিয়নে
াফুজ্জামান শরীফ, ছাত্র মৈত্রী
ভাপতি সাব্বাহ আলী খান কলি
ধারণ সম্পাদক আব্দুল আহাদ মিনা
... প্রমুখ।